

বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা  
প্রেস বিজ্ঞপ্তি

কলকাতা প্রেসক্লাবে “বঙ্গবন্ধু সংবাদ কেন্দ্র” উদ্বোধন

কলকাতা, ২৮ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ, বৃহস্পতিবার:

কলকাতা প্রেসক্লাবে বঙ্গবন্ধু সংবাদ কেন্দ্র উদ্বোধন করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ।

তথ্যমন্ত্রী তার বক্তৃতায় মুক্তিযুদ্ধকালে সর্বাঙ্গিক সহযোগিতা ও সহায়তার জন্য ভারত সরকার ও ভারতের জনগণের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

তিনি বলেন, বাংলাদেশ যে সময়ে বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বাংলাদেশ-ভারতের কূটনৈতিক সম্পর্কের ৫০ বছরপূর্তি উদযাপন করছে, সে সময় বঙ্গবন্ধুর নামে কলকাতা প্রেসক্লাবে সংবাদ কেন্দ্র স্থাপন দু'দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্কের আরেকটি মাইলফলক।

ভারত সফররত তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ ২৮ অক্টোবর, ২০২১ বৃহস্পতিবার বিকেলে পশ্চিমবঙ্গের কলকাতায় ঐতিহ্যবাহী প্রেসক্লাবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে প্রতিষ্ঠিত এই সংবাদ কেন্দ্র উদ্বোধন করেন।

বাংলাদেশের সংসদ সদস্য সাইমুম সরওয়ার কমল, কলকাতায় বাংলাদেশ ডেপুটি হাইকমিশনার তৌফিক হাসান, প্রেসক্লাবের প্রেসিডেন্ট শ্লেহাশিস সুর, উপ-দূতাবাসের প্রথম সচিব (প্রেস) রঞ্জন সেন ও প্রেসক্লাবের সদস্যবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

ড. হাছান এসময় ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধে ভারতের জনগণ ও সরকারের অকুণ্ঠ সহায়তা এবং হাজার হাজার ভারতীয় সেনাসদস্যের প্রাণদানের কথা উল্লেখ করেন। সেই সাথে তিনি বলেন, ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের খবর সারা বিশ্বে ছড়িয়ে দিতে কলকাতা প্রেসক্লাব যে বিশাল ভূমিকা রেখেছে, তা ভুলবার নয়। কলকাতায় বাংলাদেশ উপ-দূতাবাসের সহায়তায় স্থাপিত এই সংবাদ কেন্দ্রে কম্পিউটার, প্রদর্শনী হল, লাইব্রেরি এবং প্রজেক্টরসহ আধুনিক ডিজিটাল সুবিধাদি রয়েছে। এর আগে সেপ্টেম্বরে নয়াদিল্লিতে প্রেসক্লাব অভ ইন্ডিয়ায় বঙ্গবন্ধু মিডিয়া সেন্টার উদ্বোধন করেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ।

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ এদিন দুপুরে পশ্চিমবঙ্গের বিধানসভার স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের সাথে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় দু'দেশের পারস্পারিক সম্পর্ক উন্নয়নসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন তারা। তথ্যমন্ত্রী এসময় স্পিকারকে সুবিধাজনক সময় বাংলাদেশ সফরের আমন্ত্রণ জানান।

এর আগে, সকালে তথ্য ও সম্প্রচার মন্ত্রী বাংলাদেশ উপ-হাইকমিশনের গ্রন্থাগার ও তথ্যকেন্দ্র পরিদর্শন করেন।

মাক্ পরিধান করে এবং যথাযথ সামাজিক দূরত্ব বিধি মেনে অনুষ্ঠানটি পরিচালিত হয়।



